

সংযোজনী - 2

ক্যাপিটাল মার্কেট ও ডেরিভেটিভ অংশের ঝুঁকি প্রকাশের দলিল

এক্সচেঞ্জ প্রকাশ্যে বা ইঙ্গিতে, এই ডিসক্লোজার ডকুমেন্টের সম্পূর্ণতা, পর্যাপ্ততা বা নির্ভুলতা সম্বন্ধে কোন গ্যারান্টি বা বর্ণনা দেয় না বা কমোডিটি ডেরিভেটিভস মার্কেট/ব্যবসা সংক্রান্ত অংশে অংশগ্রহণের যোগ্যতা এক্সচেঞ্জ এনডোর্স করে না বা অনুমোদন করে না। এই সংশ্লিষ্ট বিবৃতিটি সব ঝুঁকি বা ব্যবসার অন্যান্য তাৎপর্যপূর্ণ দিকগুলি প্রকাশ করে না। আপনার, তাই, এর সঙ্গে জড়িত হওয়ার আগে সাবধানে ডেরাইভেটিভস ট্রেডিং অধ্যয়ন করা উচিত।

জড়িত ঝুঁকির আলোকে, একমাত্র সেই সবক্ষেত্রে আপনার সেই লেনদেনের মধ্যে প্রবেশ করা উচিত যখন আপনি বিষয়টাকে ভালো করে বুঝে নিয়ে সেখানে চুক্তির ঝুঁকির বিষয়গুলি সম্পর্কে অবগত থাকবেন।

আপনাকে অবশ্যই জানতে এবং উপলব্ধি করতে হবে যে, কমোডিটি এক্সচেঞ্জ (গুলি)-তে ট্রেড করা পণ্য ফিউচার চুক্তি/ডেরিভেটিভস বা অন্য যন্ত্র, যেখানে ঝুঁকি উপাদানের তারতম্য আছে, সাধারণত সীমিত সম্পদ/সীমিত বিনিয়োগ এবং/অথবা ট্রেডিং অভিজ্ঞতা এবং কম ঝুঁকি সহনশীলতা সম্পন্ন কারো জন্য একটি উপযুক্ত পথ নয়। সুতরাং, আপনার সতর্কতার সঙ্গে বিবেচনা করা উচিত এরূপ ব্যবসা আপনার আর্থিক দিক থেকে উপযুক্ত কিনা। যদি, আপনি এক্সচেঞ্জে ব্যবসা করেন এবং প্রতিকূল পরিণতি বা ক্ষতিতে ভোগেন, তবে তার জন্য শুধুমাত্র আপনি সম্পূর্ণভাবে দায়ী থাকবেন ও এক্সচেঞ্জ কোনভাবেই এর জন্য দায়ী হবে না এবং আপনি এমন কোন অজুহাত দিতে পারবেন না যে ঝুঁকির ব্যাপারে সবকিছু প্রকাশ করা হয় নি বা সংশ্লিষ্ট সদস্য সম্পূর্ণ ঝুঁকির ব্যাপারে আপনাকে সবকিছু ব্যাখ্যা করেন নি। ফলাফলের বিষয়ে ক্লায়েন্ট সম্পূর্ণভাবে দায়ী থাকবেন ও এই কারণে কোন কন্ট্রাক্ট বাতিল করা হবে না।

আপনি অবশ্যই স্বীকার এবং গ্রহণ করেন যে এখানে লাভের কোন গ্যারান্টি নেই বা লোকসান থেকে কোন ব্যতিক্রম হতে পারে যখন এক্সচেঞ্জগুলিতে পণ্য ডেরাইভেটিভস ট্রেডের ক্রয় এবং/ অথবা বিক্রয় নির্বাহ করা হয়।

এটা আপনাকে পরিষ্কারভাবে বুঝতে হবে যে সদস্যর মাধ্যমে এক্সচেঞ্জে আপনার ব্যবসা সদস্যর দ্বারা নির্দিষ্ট করা কিছু নিয়মকানুন শর্তাধীন, যা হতে পারে, *ইন্টার আলিয়া*, যার অন্তর্গত আপনার ক্লায়েন্টকে জানুন ফর্ম পূরণ ও সময়ে সময়ে বলবৎ SEBI-র দ্বারা প্রস্তাবিত গাইডলাইন অনুযায়ী সংশ্লিষ্ট এক্সচেঞ্জের নিয়ম, বিধি এবং বাণিজ্য নীতি, সময়ে সময়ে বলবৎ এক্সচেঞ্জ দ্বারা প্রকাশিত।

এক্সচেঞ্জ কোন উপদেশ দেয় না বা এমন কিছু করে না যাতে উপদেশ দেওয়ার অর্থ বোঝায় এবং কোন লোক যদি এক্সচেঞ্জের কোন সদস্যর সঙ্গে ব্যবসার সম্পর্কে প্রবেশ করে এবং/বা কোন থার্ড পার্টি ভিত্তিক কোন তথ্য এই দলিলে থাকে তবে তার জন্য এক্সচেঞ্জ দায়ী থাকবে না। এই দলিলের

কোন তথ্যই বিনিয়োগ উপদেশ হিসাবে গণ্য হবে না। এই ধরনের ব্যবসায় যে ধরনের ঝুঁকি জড়িয়ে আছে সেগুলি খুব ভালোভাবে বোঝা ও আলোচনা ছাড়া ব্যবসার কথা বিবেচনা করা উচিত নয়। যদি আপনি নিশ্চিত না হতে পারেন তবে আপনাকে পেশাগত উপদেশ নিতেই হবে।

কোথায় ট্রেড করা যায় সেটা বিবেচনা করতে হলে, আপনাকে নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে সচেতন হতে হবে:-

1. কমোডিটি ফিউচারস কন্ট্রাক্ট ও এক্সচেঞ্জে অন্যান্য কমোডিটি ডেরিভেটিভস ইনস্ট্রুমেন্টের লেনদেনে জড়িত প্রাথমিক ঝুঁকি।

i. উচ্চ পরিবর্তনশীলতার ঝুঁকি

ভোলাটিলিটি বলতে একটি পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টে দামের গতির যে পরিবর্তন হতে পারে তাকেই বোঝানো হয়েছে, যখন পণ্য এক্সচেঞ্জে ব্যবসায়িক কার্যকলাপ চলতে থাকে। সাধারণভাবে একটি পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের ভোলাটিলিটি যত বেশী হয়, দামের পরিবর্তনও তত বেশী হয়। অ্যাক্টিভ পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের থেকে স্বাভাবিকভাবেই যেসব পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট কম ব্যবসায়িক কাজে ব্যবহৃত হয় সেগুলির ভোলাটিলিটি বেশী হয়। ভোলাটিলিটির ফলে আপনার অর্ডার আংশিকভাবে কার্যকরী হতে পারে অথবা আদৌ কার্যকরী নাও হতে পারে, বা যে দামে আপনার অর্ডার কার্যকরী হবে সেটি শেষ ব্যবসায়িক দাম থেকে অনেক বেশী আলাদা বা অনেক বেশী পরিবর্তিত হতে পারে যার ফল হল আসল ক্ষতি।

ii. কম লিকুইডিটির ঝুঁকি

- লিকুইডিটি বলতে বাজারে অংশগ্রহণকারীদের কমপিটিভিভ দামে ও সবচেয়ে কম দামের পার্থক্যে পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট কেনা এবং/বা বেচার ক্ষমতা। সাধারণত, মনে করা হয় যে বাজারে লভ্য অর্ডারের সংখ্যা যত বেশী হবে লিকুইডিটি তত বেশী হবে। লিকুইডিটি গুরুত্বপূর্ণ, কারণ লিকুইডিটি বেশী হলে বিনিয়োগকারীর পক্ষে দ্রুত ও সবচেয়ে কম দামের পার্থক্যে পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট কেনা এবং/বা বেচা সহজতর হবে, ফলে বিনিয়োগকারীরা ক্রীত বা বিক্রীত পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের জন্য কমপিটিভিভ দাম দেবে বা গ্রহণ করবে। অ্যাক্টিভ পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের সঙ্গে তুলনা করলে কিছু পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের কম লিকুইডিটি থাকার ঝুঁকি থাকতে পারে। ফলে, আপনার অর্ডার আংশিকভাবে কার্যকরী হতে পারে অথবা বেশী দামের পার্থক্যে আদৌ কার্যকরী নাও হতে পারে।
- নির্দিষ্ট পণ্যের ডেলিভারি দেওয়া এবং/বা নেয়ার উদ্দেশ্য ছাড়া কেনা বা বেঁচার ফলে ক্ষতি হতে পারে, কারণ এমন পরিস্থিতিতে পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট কেনা/বেঁচা

প্রত্যাশিত দামের তুলনায় কম/বেশী দামে হতে পারে, সুতরাং এমন একটি পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের ডেলিভার বা রিসিভ করার কোন ওপেন পজিসন বা বাধ্যতা নেই।

iii. ওয়াইডার স্প্রেডের ঝুঁকি

- a. স্প্রেড বলতে বোঝায় সর্বোৎকৃষ্ট ক্রয় ও সর্বোৎকৃষ্ট বিক্রয়ের দামের মধ্যে পার্থক্য। এটা একটি পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট ক্রয় ও তৎক্ষণাৎ সেটি বিক্রয় করা বা তার বিপরীত পদ্ধতির ফলে যে পার্থক্য হয় তা বোঝায়। কম লিকুইড বা লিকুইডিটিহীন পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের জন্য কম লিকুইডিটি ও বেশী ভোলাটিলিটি থাকার ফলে স্বাভাবিকের চেয়ে বেশী বিস্তৃত হতে পারে। এটি পরে উৎকৃষ্টতর দাম গঠনে বাধা দেবে।

iv. ঝুঁকি - অর্ডার কমানো

- a. অধিকাংশ এক্সচেঞ্জে বিনিয়োগকারীদের জন্য “লিমিট অর্ডার”, “স্টপ লস অর্ডার” ইত্যাদি প্লেস করতে একটি সুবিধা থাকে। এমন অর্ডার প্লেস করা (উদাহরণস্বরূপ “স্টপ লস” বা “লিমিট অর্ডার”) যেগুলির উদ্দেশ্য থাকে ক্ষতি কিছু নির্দিষ্ট পরিমাণে সীমিত করা অনেক সময়ে কার্যকর নাও হতে পারে কারণ বাজার অবস্থায় দ্রুত ওঠানামা এরূপ অর্ডার কার্যকর করা অসম্ভব করে তুলতে পারে।
- b. একটি “মার্কেট” অর্ডার দ্রুত কার্যকর হবে, বিপরীত দিকে অর্ডারের লভ্যতার উপর নির্ভর করে, দামের প্রসঙ্গ ছাড়াই, যখন গ্রাহক একটি “মার্কেট” অর্ডারের দ্রুত কার্যকারিতা পান, তখন সেটি আউটস্ট্যান্ডিং অর্ডারের লভ্য দামে হতে পারে, যেটি অর্ডারের পরিমাণকে পরিত্যক্ত করে, দাম, সময় অগ্রাধিকার পায়। এটা বোঝা যেতে পারে যে এই দাম গত বানিজ্য মূল্য বা যে পণ্য ডেরাইভেটিভস কন্ট্রাক্টের ভালো মূল্য থেকে উল্লেখযোগ্যভাবে ভিন্ন হতে পারে।
- c. “লিমিট” অর্ডার দ্রুত কার্যকর হবে কেবলমাত্র অর্ডারের জন্য নির্দিষ্ট “লিমিট” দামে যা বা উৎকৃষ্টতর দামে। যাই হোক, ক্লায়েন্ট যখন দামের সুরক্ষা পায় তখন এমনও সম্ভব হতে পারে যে অর্ডার আদৌ কার্যকর হল না।
- d. একটি স্টপ লগ অর্ডার সাধারণত একটি পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের বর্তমান দাম থেকে “দূরে” প্লেস করা হয় এবং এরূপ অর্ডার কার্যকর হয় যদি ও যখন পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট পৌঁছয় বা স্টপ প্রাইসের মাধ্যমে ব্যবসা করে। স্টপ অর্ডার সেল প্রাইস বর্তমান প্রাইসের নীচেই এন্টার করানো হয় ও স্টপ অর্ডার বাই প্রাইস বর্তমান প্রাইসের উপরে এন্টার করানো হয়। যখন পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট পূর্ব নির্ধারিত দামে পৌঁছয় বা এরূপ দামে ব্যবসা করে স্টপ লগ অর্ডার তখন মার্কেট/লিমিট অর্ডারে পরিণত হয় ও লিমিটে বা আরো ভালো ভাবে কার্যকর হয়। এমন কোন

নিশ্চয়তা নেই যে লিমিট অর্ডার কার্যকর হবে যেহেতু পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্ট পূর্ব নির্ধারিত দামকে পেনিড্রেট করতে পারে, সেক্ষেত্রে অর্ডার কার্যকর না হওয়ার ঝুঁকি ওঠে, যেমন রেগুলার লিমিট অর্ডারের সঙ্গে হয়।

v. খবর ঘোষণার ঝুঁকি

- a. ব্যবসায়ী/ ম্যানুফ্যাকচারাররা খবর ঘোষণা করে যা পণ্য এবং/বা পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের দাম প্রভাবিত করতে পারে। এই ঘোষণা ব্যবসার সময় ঘটতে পারে এবং কম লিকুইডিটি ও বেশী ভোলাটিলিটির সঙ্গে যুক্ত হয় তবে হঠাৎ পণ্য কন্ট্রাক্টের দামে অপ্রত্যাশিতভাবে ইতিবাচক বা নেতিবাচক ওঠানামা ঘটতে পারে।

vi. গুজবের ঝুঁকি

- a. পণ্যমূল্যের ব্যাপারে গুজব মুখে মুখে, খবরের কাগজ, ওয়েবসাইট ও নিউজ এজেন্সির দ্বারা বাতাসে ভাসে, বিনিয়োগকারীদের সতর্ক থাকতে হবে ও গুজব অনুযায়ী কাজ করা থেকে বিরত থাকতে হবে।

vii. সিস্টেমের ঝুঁকি

- a. খুব বেশী পরিমাণ ব্যবসা প্রায়ই বাজার খোলা ও বাজার বন্ধের আগে হতে পারে। এরকম বেশী পরিমাণ ব্যবসা দিনের যে কোন সময়ে হতে পারে। এগুলি অর্ডার কার্যকর করা বা কনফার্ম করাতে বিলম্ব ঘটতে পারে।
- b. ভোলাটিলিটি পিরিয়ডে, বাজারে অংশগ্রহণকারীগণ দ্রুতগত তাদের অর্ডারের পরিমাণ বা দাম, ফ্রেশ অর্ডার প্লেস মডিফাই করতে পারেন, ফলে অর্ডার কার্যকর করা বা কনফার্ম করায় বিলম্ব হয়।
- c. কিছু নির্দিষ্ট মার্কেট কন্ডিশনে, মার্কেটে যুক্তিসংগত দামে একটি পজিশন লিকুইডেট করা খুব অসুবিধাজনক হয় বা আদৌ সম্ভব হয় না, যখন ক্রয় সাইড বা বিক্রয় সাইডে কোন আউটস্ট্যান্ডিং থাকে না অথবা পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টে ব্যবসা যদি কোন অস্বাভাবিক ব্যবসায়িক কার্যকলাপে থমকে দাড়ায় মার্কেট ফিল্টারকে হিট করা বা অন্য কোন কারণে।

viii. সিস্টেম/নেটওয়ার্ক কনজেশন

- a. এক্সচেঞ্জে স্যাটেলাইট/লীজ নেওয়া লাইন ভিত্তিক সংযোগের উপর ভিত্তি করে ইলেকট্রনিক মোডে ব্যবসা করা হয়, অর্ডার প্লেস ও রুট করার জন্য প্রযুক্তি ও কম্পিউটারের সমন্বয় করা হয়। সুতরাং, সংযোগ ফেল করা বা সিস্টেমে সমস্যা বা সিস্টেম থেকে ধীর বা বিলম্বিত সাড়া বা ব্যবসা থমকে দাঁড়ানোর সম্ভাবনা থাকলে

বা যে কোন সমস্যা/ক্রটির ক্ষেত্রে যেখানে ব্যবসায়িক সিস্টেম/নেটওয়ার্কে অ্যাকসেস প্রতিষ্ঠিত করা যায় না, যেটা নিয়ন্ত্রণের বাইরে ও প্রসেসিং-এ বিলম্ব ঘটতে পারে বা ক্রয়-বিক্রয়ের অর্ডার আংশিক বা পুরোপুরি প্রসেস করা নাও যেতে পারে। আপনাকে নোট করবার জন্য সতর্ক করা হচ্ছে যে যদিও এই সমস্যাগুলি সাময়িক প্রকৃতির কিন্তু যখন আপনার আউটস্ট্যান্ডিং ওপেন পজিসন বা কার্যকর না করা অর্ডার রয়েছে, এগুলি ঝুঁকিকেই নির্দেশ করে কারণ আপনার সব কাজ সঠিকভাবে করাটা বাধ্যতামূলক।

2. যতক্ষণ পর্যন্ত ফিউচার পণ্য ডেরিভেটিভ সেগমেন্ট সংশ্লিষ্ট রয়েছে, অনুগ্রহ করে ততখানি নোট করুন ও নিম্নের অতিরিক্ত বৈশিষ্ট্যগুলির সঙ্গে পরিচিত হোন:-

“নিভারেজ” বা “গিয়ারিং”-এর প্রভাব:

- a. পণ্য ডেরিভেটিভ কন্ট্রাক্টের ভ্যালুর তুলনায় মার্জিনের পরিমাণ কম, সুতরাং লেনদেন ‘নিভারেজড’ বা ‘গিয়ারড’ হয়। পণ্য ডেরিভেটিভ ট্রেডিং যা তুলনামূলকভাবে কম পরিমাণ মার্জিন দিয়ে পরিচালিত হয়, মার্জিনের পরিমাণের তুলনায় খুব বেশী বা লাভ বা ক্ষতির সম্ভাবনা তুলে ধরে। কিন্তু পণ্য ডেরিভেটিভ কাজকারবার খুব বেশী মাত্রায় ঝুঁকি বহন করে। সুতরাং প্রকৃতপক্ষে পণ্য ডেরিভেটিভ নিয়ে ব্যবসা করার আগে আপনার নীচের বিবৃতিগুলি সম্পূর্ণভাবে বুঝতে হবে, এবং যখন একজনের অবস্থা, আর্থিক সম্পদ ইত্যাদি বিচার করে ব্যবসা করতে হবে।
- b. ফিউচারস ট্রেডিং সব অবস্থার দৈনন্দিন সেটলমেন্টকে বোঝায়। প্রতিদিন ক্লোজিং প্রাইসের উপর ভিত্তি করে বাজারে ওপেন পজিসন মার্ক করা হয়। যদি ক্লোজিং প্রাইস আপনার বিরুদ্ধে যায়, তবে এই ধরনের ওঠানামা জনিত আপনার ক্ষতির পরিমাণ (নোশনাল) জমা দেওয়ার প্রয়োজন হবে। নির্দিষ্ট সময়ের মধ্যেই আপনাকে এই টাকা মিটিয়ে দিতে হবে, সাধারণত, পরের দিন ব্যবসা শুরু হওয়ার আগে।
- c. যদি আপনি অতিরিক্ত টাকা ডেডলাইনের মধ্যে জমা দিতে ব্যর্থ হন বা যদি আপনার একাউন্টে কোন বাকি ধার থাকে, তবে সদস্য সম্পূর্ণ পজিসন বা পরিবর্তন সিকিউরিটি লিকুইডিটি করতে পারে। এক্ষেত্রে, এরূপ ক্লোজআউটের জন্য যা ক্ষতি হবে তার জন্য আপনি দায়ী থাকবেন।
- d. বাজারের এমন অবস্থায়, বিনিয়োগকারীর কাজকারবার চালানো অসুবিধাজনক বা অসম্ভব মনে করতে পারে। উদাহরণস্বরূপ, কিছু বিষয়ের জন্য এই অবস্থার সৃষ্টি হয় যেমন ইললিকুইডিটি অর্থাৎ যখন অপরিাপ্ত বিড বা অফার থাকে বা প্রাইস লিমিট বা সার্কিট ব্রেকারের জন্য ব্যবসা স্থগিত থাকে।
- e. বাজারে স্থিরতা বজায় রাখার জন্য, নিম্নলিখিত ধাপগুলি গ্রহণ করা যেতে পারে, মার্জিন রেটের পরিবর্তন, ক্যাশ মার্জিন রেট বৃদ্ধি বা অন্যান্য। এই নতুন পদ্ধতিগুলি বর্তমান ওপেন ইন্টারেস্টের উপর প্রয়োগ করা যেতে পারে। এরূপ অবস্থায়, আপনার অতিরিক্ত মার্জিন রাখার প্রয়োজন হবে বা আপনার পজিসন কমাতে হবে।
- f. আপনাকে আপনার সদস্যকে অবশ্যই জিজ্ঞাসা করতে হবে আপনি ব্যবসা করার পরিকল্পনা করেছেন যে ডেরিভেটিভ কন্ট্রাক্ট নিয়ে সেগুলির বিস্তারিত বিবরণ আপনাকে দিতে, অর্থাৎ কন্ট্রাক্টের বিশদ বিবরণ ও তার সঙ্গে যুক্ত বাধ্যবাধকতা।

3. ওয়ারলেস প্রযুক্তি বা অন্য প্রযুক্তির মাধ্যমে ব্যবসা:

যে কোন অতিরিক্ত প্রতিশ্রুতি বা সংজ্ঞায়িত করে বৈশিষ্ট্য, ঝুঁকি, দায়িত্ব, বাধ্যবাধকতা, সিকিউরিটির সঙ্গে যুক্ত লায়াবিলিটি ওয়ারলেস প্রযুক্তির বা অন্য প্রযুক্তির মাধ্যমে ব্যবসা-সদস্যর উচিত এগুলি ক্লায়েন্টের নজরে আনা।

4. সাধারণ

i. জমা নগদ এবং সম্পত্তি:

আপনাকে আপনার অর্থ বা অন্যান্য সম্পত্তির সুরক্ষার সঙ্গে নিজেকে পরিচিত করা উচিত বিশেষ করে আপনি যখন একটি অস্বচ্ছল বা দেউলিয়া হয়ে যাওয়া ফার্মে তা জমা দেন। আপনি কতটা আপনার টাকা বা সম্পত্তি আদায় করিতে পারিবেন তা নির্দিষ্ট আইন বা স্থানীয় বিধি দ্বারা নিয়ন্ত্রিত হতে পারে। কিছু বিচারব্যবস্থায়, সম্পত্তি, যা আপনার নিজের হিসাবে বিশেষভাবে শনাক্তযোগ্য হয়েছে, একটি ঘাটতি ঘটনায় বিতরণের উদ্দেশ্যে নগদ হিসাবে একই পদ্ধতিতে প্রো-রেট করা হবে। এক্সচেঞ্জের সদস্যর সঙ্গে কোনো বিবাদের ক্ষেত্রে, এটি এক্সচেঞ্জের নিয়ম, বিধি এবং বাণিজ্য বিধি অনুযায়ী সালিসি সাপেক্ষে হইবে।

ii. কমিশন ও অন্যান্য চার্জ:

আপনি ট্রেড শুরু করার আগে, আপনার সকল কমিশন, ফি ও অন্যান্য চার্জ, যার জন্য আপনি দায়ী হতে পারেন একটি স্পষ্ট ব্যাখ্যা প্রাপ্ত করা উচিত। এই চার্জ আপনার নিট লাভ প্রভাবিত (যদি থাকে) বা আপনার ক্ষতি বৃদ্ধি করতে পারে।

iii. সদস্য/অনুমোদিত ব্যক্তি/ক্লায়েন্টের অধিকার ও দায়িত্বের জন্যে, অনুগ্রহ করে সংযোজনী 3 দেখুন

iv. ‘সমবায়ী’ শব্দটির অর্থ এবং অন্তর্গত হবে একজন ক্লায়েন্ট, একজন গ্রাহক বা একজন বিনিয়োগকারী, যারা এক্সচেঞ্জ কর্তৃক প্রদত্ত প্রক্রিয়ার মাধ্যমে পণ্য ডেরাইভেটিভস ট্রেডিং উদ্দেশ্যে একজন সদস্যর সঙ্গে মোকাবেলা করেন।

v. ‘সদস্য’ শব্দটির অর্থ এবং অন্তর্গত হবে একজন ট্রেডিং সদস্য বা সদস্য/ব্রোকার, যারা এক্সচেঞ্জ দ্বারা অনুমোদিত এবং SEBI থেকে একটি রেজিস্ট্রেশন শংসাপত্র পেয়েছেন।